দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 28 SEP 1998 ...
পৃষ্ঠা 8 কলাম 5

# শিক্ষা প্রতিষ্ঠানের চারপাশে গাছ লাগিয়ে সীমানা প্রাচীর গড়ে তোলার নির্দেশ

**মাহমুদ হাফিজ**

প্রধানমন্ত্রীর নির্দেশ—দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের সীমানা প্রাচীর ইটের হবে না। দেয়াল দিতে হবে গাছের। ঐ গাছ লাগাবে স্কুল-কলেজ-মাদ্রাসার ছাত্রছাত্রীরা। এই প্রক্রিয়ায় আগামী প্রজন্মের মধ্যে সবুজ বনানী গড়ে তোলা ও পরিচর্যার ব্যাপারে ব্যাপক উদ্দীপনা সৃষ্টি হবে। জানা গেছে, শিক্ষা প্রতিষ্ঠানে 'গাছের দেয়াল' কর্মসূচী বৃক্ষরোপণকে সামাজিক আন্দোলনে রূপ দেয়ার ক্ষেত্রে সরকারের একটি কৌশল। দেশের এক লাখ শিক্ষা প্রতিষ্ঠানে এভাবে সীমানা প্রাচীর গড়ে উঠলে গ্রাম-গঞ্জ-শহর হয়ে উঠবে বনানীময়।

সূত্রমতে, প্রধানমন্ত্রীর নির্দেশের আলোকে পরিবেশ ও বনমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় এবং গণশিক্ষা বিভাগে একটি পত্র লিখেছেন। ঐ পত্রে শিক্ষা প্রতিষ্ঠানে গাছ দিয়ে সীমানা প্রাচীর গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশ দেয়ার অনুরোধ জানানো হয়। মন্ত্রণালয় থেকে ঐ নির্দেশ মহাপরিচালক অফিস হয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে যাওয়ার প্রক্রিয়ায় রয়েছে।

পরিবেশ ও বন মন্ত্রণালয় থেকে দু' মন্ত্রণালয় বরাবর পাঠানো পত্রে বলা হয়, পরিবেশ উন্নয়ন, জীব-বৈচিত্র্য সংরক্ষণ, কাঠ ও জ্বালানির সরবরাহ নিশ্চিতকরণসহ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে দেশে বনজ সম্পদের পরিমাণ বাড়ানো অপরিহার্য। দেশে বনাঞ্চলের পরিমাণ প্রয়োজনের তুলনায় খুবই কম। জনসংখ্যা বাড়ার দরুন বনভূমি সঙ্কুচিত হচ্ছে। এ প্রেক্ষাপটে সরকার বৃক্ষরোপণকে সামাজিক আন্দোলনে রূপ দিতে চায়।

চিঠিতে উল্লেখ করা হয়, প্রধানমন্ত্রী দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের চারপাশে গাছ লাগিয়ে সীমানা প্রাচীর গড়ে তোলা'র নির্দেশ দিয়েছেন। গাছ লাগানো ও পরিচর্যার ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের সম্পৃক্ত করলে এই উদ্যোগ সফলভাবে বাস্তবায়ন ও ফলপ্রসূ হবে। বন অধিদফতরের স্থানীয় অফিস এই কর্মসূচী বাস্তবায়নে কারিগরি ও বাস্তব সহায়তা দেবে।

জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয় ও গণশিক্ষা বিভাগের মাধ্যমে ঐ নির্দেশ শিক্ষা অধিদফতর এবং প্রাথমিক ও গণশিক্ষা অধিদফতরে পৌঁছেছে। সেখান থেকে সংশ্লিষ্ট জেলা অফিস হয়ে তা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যাওয়ার প্রক্রিয়ায় রয়েছে।

সূত্রমতে, দেশে সরকারী-বেসরকারী মিলিয়ে ৬৪ হাজার ৪৫৪ প্রাইমারী স্কুল, ১৫ হাজার ৪৪১ মাদ্রাসা, দুই হাজার ৩৪৯ জুনিয়র হাই স্কুল, ৯ হাজার ৬৬৩ হাইস্কুল এবং এক হাজার ২৭৪টি কলেজ রয়েছে। সব মিলে প্রায় এক লাখ। এক লাখ শিক্ষা প্রতিষ্ঠানে সরকারের এই উদ্যোগ বাস্তবায়িত হলে গ্রাম-গঞ্জ-শহর সবুজ বনানীতে ভরে উঠবে। পরিবেশ হবে নির্মল।